দৈনিক ইত্তেফাক

তারিখ ...15 MAY 2018...
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

# এসএসসিতে শতভাগ সাফল্য পেয়েছে যেসব স্কুল

ইত্তেফাক ডেস্ক

এবারের এসএসসি পরীক্ষায় বিভিন্ন বোর্ডের যেসব স্কুল শতভাগ পাসের গৌরব অর্জন করেছে সে বিষয়ে সংবাদ পাঠিয়েছেন ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতারা।

**চান্দিনায় ১৯ স্কুলে শতভাগ পাস:** কুমিল্লার চান্দিনা উপজেলার ১৯টি শিক্ষা প্রতিষ্ঠান শতভাগ পাসের গৌরব অর্জন করেছে। শতভাগ পাসের গৌরব অর্জন করা স্কুলগুলো হলো আবেদানূর উচ্চ বিদ্যালয়, আবেদানূর বালিকা উচ্চ বিদ্যালয়, দোল্লাইনবাবিপুর বালিকা উচ্চ বিদ্যালয়, কৈলাইন তুলপাই উচ্চ বিদ্যালয়, জোয়াগ আহম্মদিয়া উচ্চ বিদ্যালয়, ধেরেরা উচ্চ বিদ্যালয়, ওরাইন উচ্চ বিদ্যালয়, করতলা আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়।

১১টি মাদ্রাসা শতভাগ পাসের গৌরব অর্জন করেছে। মাদ্রাসাগুলো হলো- বাগমারা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, বাতাঘাসি ইসলামিয়া দাখিল মাদ্রাসা, বড়ইয়াকৃষ্ণপুর ফাজিল মাদ্রাসা, আবেদানূর ফাজিল মাদ্রাসা, জামিরাপাড়া মিমহে ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দেওয়ানুল উলুম দাখিল মাদ্রাসা, হোসেনপুর দারউচ্ছুন্নাত মিনহাজিয়া দাখিল মাদ্রাসা, পানিপাড়া আলিম মাদ্রাসা, বদরপুর নেছারিয়া ফাজিল মাদ্রাসা, পূর্বমাইজখার মহিলা দাখিল মাদ্রাসা, কংগাই পশ্চিমপাড়া মহিলা দাখিল মাদ্রাসা।

উপজেলার শ্রেষ্ঠ প্রতিষ্ঠানের গৌরব অর্জন করেছে আবেদানূর উচ্চ বিদ্যালয়। দ্বিতীয় স্থান অধিকার করেছে শতবর্ষী চান্দিনা পাইলট মডেল উচ্চ বিদ্যালয়। মাদ্রাসার মধ্যে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে আবেদানূর ফাজিল মাদ্রাসা।

**গাইবান্ধায় দুইটি স্কুলে শতভাগ পাস:** গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলায় দুটি সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ উত্তীর্ণ হয়েছে। তাদের মধ্যে আব্দুল মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ১০১ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪১ জন। অপরদিকে সরকারি আমিনা বালিকা উচ্চ বিদ্যালয়ের ৭১ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৩১ জন।

তেরখাদায় শহীদপুর খান এ সবুর স্কুলে শতভাগ পাস: খুলনা জেলার তেরখাদা উপজেলার শহীদপুর খান এ সবুর মাধ্যমিক বিদ্যালয়ের ৩৬ জন পরীক্ষার্থীর সকলেই পাস করেছে। এর মধ্যে ৪ জন এ প্লাস, ১৭ জন এ গ্রেড, ১০ জন এ মাইনাস এবং ৫ জন বি গ্রেডে পাস করে। স্কুলটি উপজেলায় প্রথম স্থান অধিকার করেছে।

**স্বরূপকাঠিতে ১৪ শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ পাস:** পিরোজপুরের স্বরূপকাঠি উপজেলার ১৪ শিক্ষা প্রতিষ্ঠান থেকে শতভাগ শিক্ষার্থী পাস করেছে। শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানগুলো হলো সুটিয়াকাঠি ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, আলকিরহাট আরএ মাধ্যমিক বিদ্যালয়, সামসুন্নাহার হালিম মাধ্যমিক বিদ্যালয়, বলদিয়া মাধ্যমিক বিদ্যালয়, বলদিয়া মলুহার বালিকা মাধ্যমিক বিদ্যালয়, নান্দুহার ইউনাইটেড বালিকা মাধ্যমিক বিদ্যালয়, পঞ্চগ্রাম সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়, তিনগ্রাম সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়, পশ্চিম ইলুহার মাধ্যমিক বিদ্যালয়, ইসলামপুর মাধ্যমিক বিদ্যালয়, স্বরূপকাঠি বালিকা মাধ্যমিক বিদ্যালয়, ধলহার পিজিএস মাধ্যমিক বিদ্যালয় ও আজিজুল হক মাধ্যমিক বিদ্যালয়।